তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং ঃ ৩৭/২০১৬

অভিযোগকারী ঃ	জনাব শংকরী রাণী দে তরফদার পিতা-সুনীল চন্দ্র দে তরফদার গ্রাম-কাউনিয়া, ডাকঘর-মশিউর নগর, জেলা-ময়মনসিংহ।	প্রতিপক্ষ ঃ	জনাব কামরুন নাহার সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ঢাকা-১০০০।

সিদ্ধান্তপত্র

(তারিখ ঃ ২৮-০৩-২০১৬ ইং)

অভিযোগকারী ০৩-১২-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব কামরুন নাহার, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১০০০ বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

ক) ময়মনসিংহ অঞ্চলের উপ-পরিচালক জনাব আনোয়ারা বেগমের দুর্নীতির অভিযোগের তদন্ত ১৩-১২-২০০৭ খ্রিঃ এবং ৩১-১২-২০০৭ খ্রিঃ তারিখে সম্পন্ন করেন শিক্ষা উপ- সচিব জনাব গৌতম কুমার ঘোষ। অভিযোগসমূহ এবং তদন্ত রিপোর্টি সমূহের কপি এবং গৃহীত ব্যবস্থার বিবরণ প্রয়োজন।

খ) শিক্ষা মন্ত্রনালয়ের স্মারক নং শিম/শাঃ৭/বিবিধ-৩/২০০৭/১১ তারিখ- ২৪/১২/২০০৭ এবং স্মারক নং শিম/শাঃ৭/বিবিধ-৩/২০০১২৪; তারিখ- ৩১/০১/২০০৮ এর সত্যায়িত কপি এবং এর সাথে সংযুক্ত অভিযোগসমূহ এবং তদন্ত রিপোর্টি সমূহের কপি এবং গৃহীত ব্যবস্থার বিবরণী এবং অভিযুক্ত জনাব মোঃ ফরিদ উদ্দিনের দেশ ত্যাগের বিস্তারিত তথ্য।

গ) টাঙ্গাইল বিন্দুবাসিণী সরকারী বালক উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোঃ আঃ করিম কর্তৃক স্মারক নং বিসউবি/২০১১/১৩৮ তারিখ-২৯-০৯-১১ মোতাবেক চতুর্থ শ্রেণীর কর্মচারীদের কর্মবন্টন বিধি মোতাবেক হয়েছে কিনা।

ঘ) সরকারী মাধ্যমিক শিক্ষকগণকে অন্য প্রতিষ্ঠানে সংযুক্ত করা হলে, তাদের সন্তানগণ সংযুক্ত প্রতিষ্ঠানে এবং পাশ্ববর্তী সরকারী প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ পাবে কি ?

ঙ) সরকারী উচ্চ বিদ্যালয়ের ছাত্রাবাসের একক সীটে বসবাস করলে, কত টাকা ভাড়া বাবদ দিতে হবে এবং এর অনুমতি কে দেবেন ? ছাত্র-ছাত্রীদের হোটেলের সিট ভাড়া কত?

চ) সরকারী উচ্চ বিদ্যালয়ের ছাত্রাবাসের হোস্টেল সুপার ও সহকারী হোস্টেল সুপারএর মাসিক সম্মানী কত হবে ?তারা ছাত্র নিবাসে ভাড়া বিমুক্ত বাসস্থান পাবেন কি না ? না পেলে ভাড়া বাবদ কত দিতে হবে ?

ছ) কোন বিধি বলে সরকারী উচ্চ বিদ্যালয়ের অধিকাংশ শিক্ষক যুগ যুগ ধরে আজীবন একই প্রতিষ্ঠানে চাকুরী করে থাকেন?

জ) অধিকাংশ সরকারী উচ্চ বিদ্যালয়ে হিন্দুধর্মের শিক্ষক না থাকায়, বিষয়টি পড়ানো হয় না কিন্তু শিক্ষার্থীদের পরীক্ষা ঠিকই দিতে হয়, এর কারণ কি ?

ঝ) ঢাকার নবাবপুর সরকারী উচ্চ বিদ্যালয়ে কর্মরত প্রধান শিক্ষিকা জনাব রেবেকা সুলতানার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগসমূহ, তদন্ত রিপোর্টি সমূহের কপি এবং গৃহীত ব্যবস্থার তথ্য প্রয়োজন।

ঞ) সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের যে সকল শিক্ষকজাতীয় পর্যায়ে কৃতি খেলোয়ার, শিল্প ও সাহিত্যিক হিসাবে প্রতিষ্ঠিত, তাদেরকে অনেক প্রধান শিক্ষক কাজে বাধার সৃষ্টি করেন। এসব প্রধান শিক্ষকের বিরুদ্ধে অভিযোগ করলে কি কি ব্যবস্থা নেয়া হবে।

২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ০৩-১২-২০১৫ তারিখে জনাব ফাহিমা খাতুন, মহাপরিচালক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১০০০ বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৬-০১-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ২৯-০২-২০১৬ তারিখের সভায় অভিযোগটি আমলে নিয়ে ২৮-০৩-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৪। শুনানীতে অভিযোগকারী অনুপস্থিত ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য প্রাপ্তির আবেদনের পর তা শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হয়েছিল কিন্তু শিক্ষা মন্ত্রণালয় থেকে সকল তথ্য পাওয়া যায় নি । তথাপি চাহিত তথ্য সংগ্রহপূর্বক অভিযোগকারীর ঠিকানায় ডাকে প্রেরণ করা হয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে, বর্তমানে তিনি আর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নন। নতুন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ তিনি শুনানীতে অংশগ্রহণ করেন ।

৫। অভিযোগকারীকে তথ্য মূল্য পরিশোধের জন্য পত্র প্রদান ও তথ্য মূল্য প্রাপ্তি সাপেক্ষে তথ্য সরবরাহের জন্য কমিশন অভিমত ব্যক্ত করলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তাতে সম্মতি জ্ঞাপন করেন।

পর্যালোচনা

প্রতিপক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্য সরবরাহে সম্মতি জ্ঞাপন করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রার্থীত তথ্যের মূল্য পরিশোধের জন্য অভিযোগকারীকে পত্র দিবেন এবং তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব কামরুন নাহার, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১০০০ কে নির্দেশনা দেয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত	স্বাক্ষরিত	স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)	**(নেপাল চন্দ্র সরকার)**	**(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)**
তথ্য কমিশনার	তথ্য কমিশনার	প্রধান তথ্য কমিশনার

[বে.স]